

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৩০

আগরতলা, ৩০ জানুয়ারি, ২০২৪

শিল্প ও বাণিজ্য মেলায় পলিসি প্যাভিলিয়ন



৩৪তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা উপলক্ষে হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে পলিসি প্যাভিলিয়ন খোলা হয়েছে। যাতে বর্তমান সরকারের বিনিয়োগ সহায়ক পলিসি সম্পর্কে সম্পূর্ণ তথ্য প্রদর্শিত হয়েছে। এছাড়াও মেলা চলাকালীন সময়ে পলিসি প্যাভিলিয়নে প্রতিদিন বিহাজি সেশনেরও আয়োজন করা হচ্ছে। পলিসি প্যাভিলিয়নে উৎসাহী স্বউদ্যোগী এবং বিনিয়োগকারীরা ত্রিপুরা ইন্ডাস্ট্রিয়াল ইনভেস্টমেন্ট প্রমোশন ইনসেনটিভ স্কিম, পিএম-বিশ্বকর্মা, ট্যুরিজম পলিসি-ত্রিপুরা, আইটি/আইটিইএস স্টার্টআপ স্কিম-২০১৯, ত্রিপুরা ড্যাটা সেন্টার পলিসি-২০২১, ত্রিপুরা আইটি/আইটিইএস পলিসি-২০২২ এবং ত্রিপুরা আগর উড পলিসি-২০২১ সম্পর্কে অবহিত হওয়ার জন্য আসছেন। নতুন উদ্যোগীরা দপ্তর কর্তৃক গৃহীত এই উদ্যোগের প্রতি সন্তোষ প্রকাশ করে প্রশংসা করেন। আইটি স্টার্টআপস / ড্যাটা সেন্টার পলিসিতে যে ধরনের সহযোগিতার আশ্বাস রয়েছে তা জানতে পেরে নতুন উদ্যোগীরা সন্তোষ ব্যক্ত করেছেন। উল্লেখ্য, গত ২৫ জানুয়ারি মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই প্যাভিলিয়নের উদ্বোধন করেছিলেন। শিল্প ও বাণিজ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।
